কুষ্টিয়ায় অ্যালকোহল পানে এক ব্যক্তির মৃত্যু

কুষ্টিয়ায় অতিরিক্ত অ্যালকোহল পান করে বিষক্রিয়ায় আবুল কাশেম
(৪০) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। আজ রোববার (৩ ডিসেম্বর) সকালে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

আবুল কাশেম কুষ্টিয়া সদর উপজেলার দুর্বাচারা গ্রামের নুরুল ইসলাম পটল সাধুর ছেলে।

কুষ্টিয়া মডেল থানার উপ-পরিদর্শক মোস্তাফিজুর রহমান বলেন, আবুল কাশেম গত শুক্রবার রাতে অ্যালকোহল পান করে বাড়িতে যান। পরে গতকাল শনিবার ভোরের দিকে সে অসুস্থ্য হয়ে পড়ে। পরে তার স্বজনেরা তাকে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রোববার সকালের দিকে তার মৃত্যু হয়। পুলিশ কাশেমের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) ডা: তাপস কুমার সরকার জানান, শনিবার সকালে আবুল কাশেম নামের ওই ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা। অ্যালকোহল পান করার পর বিষক্রিয়ায় সে অসুস্থ্য হয়ে পড়লে, তার স্বজনরা তাকে হাসপাতালে নিয়ে আসে।

গাংনীতে সাড়ে তিন কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি দক্ষিণপাড়া গ্রাম থেকে মো: সাহিদুল ইসলাম(৪১) নামের এক মাদক ব্যবসায়ীকে সাড়ে তিন কেজি গাজা সহ আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

আটককৃত মো: সাহিদুল ইসালাম গাংনী উপজেলার সাহারবাটি দক্ষিনপাড়া গ্রামের আব্দুল খালেকের ছেলে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুত্রে জানা গেছে,গোপন সংবাদের ভিত্তিতে সোমবার (২০ নভেম্বর) সকাল পৌনে আটটায় অধিদপ্তরের সহকারী উপ-পরিদর্শক রফিকুজ্জামান ও রুহল আমিনের নেতৃত্বে ৮ সদস্যের একটি টহল দল গাংনী থানাধীন সাহারবাটি দক্ষিণপাড়া গ্রামে আসামী সাহিদুল ইসলামের নিজ বাসভবনে তল্লাশি করে খাটের মাঝে বিশেষ ভাবে তৈরীকৃত বক্সের মধ্যে একটি প্লাস্টিকের বস্তার মধ্যে স্কসটেপ দিয়ে প্যাঁচানো ৪ টি পলিথিন প্যাকেটের মধ্যে সাড়ে তিন কেজি গাঁজা উদ্ধার ও জব্দ করে এবং আসামীকে গ্রেফতার করে। উদ্ধারকৃত গাজার আনুমানিক মূলা এক লক্ষ চল্লিশ হাজার টাকা।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মো: আবুল হাশেম বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে একটি টহল দল সাক্ষিদের উপস্থিতিতে মেহেরপুর জেলার গাংনী থানাধীন সাহারবাটি দক্ষিণপাড়া গ্রামে গ্রেফতারকৃত আসামী মো: সাহিদুল ইসলামের বাড়িতে তল্লাশি করে বিক্রয়ের উদ্দেশ্যে রাখা সাড়ে তিন কেজি গাজা উদ্ধার ও জব্দ করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে গাংনী থানায় সোপর্দ করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের দুইটি ধারায় মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন কর্মকর্তা তদন্ত করবেন। ‘

জীবননগর থানা পুলিশের অভিযান গাজাসহ মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গতকাল শুক্রবার বিকালে মনোহরপুর মাঠ থেকে ৩ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী কামাল হোসেনকে আটক করে পুলিশ।

জীবননগর থানা সুত্রে জানা গেছে, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে এসআই জামাল হোসেন সঙ্গীয়

ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা কালে গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৪ টার দিকে উপজেলার মনোহরপুর গ্রামের শাফায়েত হোসেনের বেগুন ক্ষেতের সামনে পাকা রাস্তার উপর থেকে মাধবখালী গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মাদক ব্যবসায়ী কামাল হোসেন (৩৭)কে ৩ কেজি গাঁজাসহ গ্রেফতার করেন পুলিশ।

গ্রেফতারকৃত কামাল হোসেনের বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

কার্পাসডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে গ্রেফতার ১

কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির মাদক বিরোধী অভিযানে ৫০০ গ্রাম গাঁজা সহ ঠাকুরপুর গ্রামের রাজেন সালেহ গ্রেফতার।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় অফিসার ইনচার্জ দামুড়হুদা মডেল থানা মোঃ আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে গতকাল আনুমানিক ০৭: ৪০ মিনিটের সময় দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা গ্রামস্থ কাপাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর সামনে পাকা রাস্তার উপর থেকে আসামী দামুড়হুদা উপজেলার ঠাকুরপুরের মোঃ ইদ্রিস আলীর ছেলে মোঃ রাজিন সালেহ (২৫) কে ৫০০ (পাঁচশত) গ্রাম অবৈধ মাদকদ্রব্য গাঁজা সহ হাতেনাতে গ্রেফতার করে।

পরে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

জীবননগরে দুই মাদকসেবীর ৩ মাসের কারাদণ্ড

জীবননগরে দুই মাদকসেবীকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রামমাণ আদালত। আজ সোমবার (১৩ নভেম্বর) সকাল ১০টার দিকে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এই কারাদণ্ড দেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজ।

এর আগে মাদকসেবন অবস্থায় জীবননগর শাপলাকলি পাড়ার রমজান আলীর ছেলে রিফাত ও উপজেলায় কর্চাডাঙ্গার গ্রামের আখের আলীর স্ত্রী মোছা. ফিরোজাকে গ্রেপ্তার করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, আজ সোমবার সকাল সাড়ে ৯টার দিকে জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে মাদকসেবন অবস্থায় রিফাত ও মোছা. ফিরোজাকে আটক করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা।

এসময় তাঁদের কাছ থেকে ৩শ গ্রাম গাঁজা ও ৩০ পিস ইয়াবা জব্দ করা হয়। পরে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজকে খবর দেওয়া হলে তিনি ঘটনাস্থলে যান।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দুজনকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড দেন তিনি। এসময় জব্দ মাদক জনসম্মুখে ধ্বংস করা হয়। আর দুজনকে কারাগারে পাঠানো হয়।

কুষ্টিয়ায় ইয়াবাসহ ব্যবসায়ী গ্রেপ্তার

কুষ্টিয়ায় ১ হাজার ৬শ পিস ইয়াবাসহ নাজিম উদ্দিন (৪২) নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে।

গতকাল রবিবার কুষ্টিয়া শহরের হাউজিং নিশান মোড় এলাকার একটি বাসা থেকে তাকে গ্রেপ্তার করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা খ, সার্কেল কর্মকর্তাগণ।

আটককৃত মাদক ব্যবসায়ী নাজিম উদ্দিন শহরের কালিশংকরপুর এলাকার মতলব হোসেনের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানায়, গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া শহরের হাউজিং নিশান মোড় এলাকার একাট তিনতলা বাড়ির দ্বিতীয় তলায় অভিযান পরিচালনা করে। এসময় ঘরের মধ্য থেকে ১ হাজার ৬‍`শ পিস ইয়াবাসহ নাজিমুদ্দিনকে গ্রেপ্তার করতে সক্ষম হয়। গ্রেপ্তারকৃত নাজিমুদ্দিন ওই বাড়ি থেকে দীর্ঘ দিন মাদক ব্যবসা পরিচালনা করে আসছিলেন।

আটককৃত মাদক ব্যবসায়ী নাজিম উদ্দিনের বিরুদ্ধে কুষ্টিয়া মডেল থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬/১-১০ ক ধারায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ পরিদর্শক মাহবুবা জেসমিন রুমা বাদী হয়ে মামলা দায়ের করেছেন।

গাংনীতে গাঁজাসহ মাদক সেবনকারী আটক

মেহেরপুরের গাংনীতে ১শত গ্রাম গাঁজাসহ মাফিক নামের এক মাদক সেবনকারীকে আটক করেছে বামন্দী ক্যাম্প পুলিশ।

আটকৃত মাফিক (২৫) উপজেলার ছাতিয়ান শেখ পাড়ার মিয়ার রহমানের ছেলে।

আজ রবিবার (১২ অক্টোবর) বিকাল সাড়ে ৪ টার দিকে বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই শরিফুল ইসলাম ও এএসআই শরিফুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে মাদক কারবারি মাফিককে আটকরে।

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ শরিফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বামন্দী-রামগর সড়কের আল-ফালা ক্লিনিকের সামনে থেকে তার দেহ তল্লাশী করে পরনে থাকা প্যান্টের

ডান পকেট থেকে পলিথিনে মোড়ানো অবস্থা (২০ পোটলা) ১০০ গ্রাম গাঁজার উদ্ধার করা হয়। তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলাদায়ে পূর্বক জেল হাজতে প্রেরণ করা হবে।

চুয়াডাঙ্গায় সরোজগঞ্জ ফাঁড়ির অভিযানে ফেনসিডিলসহ আটক ২

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সদর উপজেলার সরোজগঞ্জ ক্যাম্প ও তিতুদহ ক্যাম্পের যৌথ অভিযানে ১৬৮পিস বোতল ফেনসিডিলের পিকআপ গাড়িসহ দুজনকে আটক করেছে পুলিশ । মিনি পিকআপটি ও ১৬৮পিস বোতল ফেনসিডিলসহ সর্বমোট সাড়ে ১৪ লক্ষ টাকার মূল্য মালামাল আটক করে পুলিশ।

জানাগেছে, চুয়াডাঙ্গা জেলার জীবননগর থানার খায়েরহুদা গ্রামের মৃত আব্দুল খালেকের ছেলে আজাদুর রহমান (৪৫) ও একই গ্রামের জুমাত আলীর ছেলে ফিরোজ হোসেন (২৩) আজ শনিবার সকাল সাড়ে এগারোটার সময় ১৬৮ পিস বোতল ফেনসিডিলের পিকআপ গাড়ি যার নাম্বার ( ঢাকা মেট্রো ন – ২১-৩৬৭৯,) সহ দুজনকে সরোজগঞ্জ বাজারে কালুপোল সড়কের এ্যানি ম্যানি ওষুধের ফার্মেসির সামনে হতে কাঠের গুড়া বস্তা লোড সহ মিনি পিকআপ গাড়িটি জীবননগর থেকে ছেড়ে এসে খাড়াগোদা বাজার হয়ে সরোজগঞ্জে দিকে আসার সময়ে সরোজগঞ্জ ক্যাম্পের পুলিশ পিকাআপটি গতিরোধ করে ফেনসিডিলের গাড়িসহ দুজনকে আটক করেন।

এদিকে তিতুদহ ক্যাম্পের গোপন সংবাদের ভিত্তিতে আজ শনিবার মিনি পিকআপটি পিছু পিছু ধাওয়া করেন বলে জানিয়েছেন তিতুদহ ক্যাম্পের এস আই উত্তম কুমার। তিতুদহ ক্যাম্পের পুলিশের সদস্যরা এবং সরোজগঞ্জ ক্যাম্পে মোবাইল ফোনে বিষয়টি জানালে দ্রুততার সাথে সরোজগঞ্জ ক্যাম্পের পুলিশ মিনি পিকআপটি সরোজগঞ্জ চার রাস্তা মোড়ে পিকআপটিকে থামিয়ে অভিযান চালিয়ে ফেনসিডিলসহ পিকআপটি আটক করে ক্যাম্পে রাখেন।

সরোজগঞ্জ ক্যাম্পের ইনচার্জ এস আই হারুন অর- রশিদ ও এস আই অরিদুল ইসলাম মেহেরপুর প্রতিদিনের প্রতিবেদকে বলেন আমি ও তিতুদহ

ক্যাম্পের এস আই উত্তম কুমার সহ ফোর্স নিয়ে গোপন সংবাদের মাধ্যমে খাড়াগোদা বাজার হয়ে সরোজগঞ্জ বাজারের দিকে একটি পিকআপে ফেনসিডিলের বড় চালানের কথা শুনে বিভিন্ন যানবাহন তল্লাসি করতে থাকি তবে মিনি পিকআপটিকে আমাদের সন্দেহ হয়ে পিকআপটি পিছু পিছু ধাওয়া করতে থাকি এবং সরোজগঞ্জ ক্যাম্পের সহযোগিতায় আমরা যৌথ অভিযানে ফেনসিডিল উদ্ধার করা হয়।

আসামীদেরকে আজ চুয়াডাঙ্গা সদর থানায় সোর্পাদ করে মামলা দায়ের করেন বলে জানিয়েছেন সরোজগঞ্জ ক্যাম্প পুলিশ।

দামুড়হুদায় ডিবি পুলিশের অভিযানে কেরুর ট্রাকে বাংলামদ সহ আটক ৩

দামুড়হুদা দর্শনা মহা সড়কের মাঝামাঝি স্হান থেকে জেলা ডিবি পুলিশের অভিযানে বাংলাদেশ কেরু এন্ড কোম্পানীর ট্রাকে বাংলামদ ও চালক সহ ৩ জনকে আটক করেছে জেলা ডিবি পুলিশ। আজ মঙ্গলবার দুপুরে আসামীদের কে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

চুয়াডাঙ্গা ডিবি পুলিশের ওসি ফেরদৌস ওয়াহিদ জানায় গোপন সংবাদের ভিত্তিতে খবর ছিল যে কেরুর ওয়্যার হাউজ শান্তাহার থেকে চুরি করে ট্রাকে মদের একটি বড় চালান আসছে।সে খবর পাওয়ার পর দামুড়হুদা ফিলিং স্টেশন ও ফায়ার সার্ভিসের মাঝামাঝি স্হানে ডিবি পুলিশের একটি টহলদল এম্বুস করে।রাত নয়টার দিকে গাড়িটি পুলিশ বেরিকেট পার হওয়ার চেস্টা করলে গাড়িটি আটক করা হয়।

যে ট্রাকে কেরুর শানতাহার পন্যাগার থেকে কেরুর ট্রাকে চুরি করা মদ নিয়ে দর্শনায় ফিরে আসা হচ্ছে, যা পুজার বাজারে দর্শনা এলাকায় অনেক টাকায় বিক্রি করা হবে। রাতেই ট্রাকটি তল্লাশী করে ১০ লিটার মদ সহ চালক মনিরুল ইসলাম,হেলফার সানোয়ার হোসেন ও বাপ্পারাজকে আটক করা হয়।পরে কেরুর নিজস্ব ট্রাক (নম্বর চুয়াডাঙ্গা-হ ১১০০০৯) ডিবি হেফাজতে রেখে বাংলামদ সহ গতকাল মঙ্গলবার আসামীদেরকে

চুয়াডাঙ্গা কোটে চালান করা হয়েছে।

চিনিকলের পরিবহন বিভাগের অফিস জানান গত ২২ অক্টোবর কেরুর ডিস্টিলারির উৎপাদিত পন্য নিয়ে ট্রাকটি কেরুর শানতাহার ওয়্যার হাউজে যায় এবং মালামাল রেখে গতকাল ২৩ অক্টোবর রাতে ট্রাকটি ফিরে আসার সময় পুলিশের কাছে আটক হয়। কেরু চিনিকলের জি এম (প্রশাসন) মোঃ ইউসুপ আলি জানান ঘটনাটি শুনেছি আজ মঙ্গলবার সরকারি ছুটি বুধবার অফিস যথারিতি চলবে, অভিযুক্তদের বিষয়ে খোজখবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

জীবননগরে ১৬ বোতল ফেন্সিডিলসহ আটক ২

জীবননগর থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৬ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে করেছে।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) এস.এম. জাবীদ হাসানের নিদেশে, জীবননগর থানার এসআই(নি:) এসএম রায়হান সঙ্গীয় অফিসার ফোর্সসহ সীমান্ত ইউনিয়নে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে নতুনপাড়া গ্রামের আঃ কুদ্দুসের ছেলে মোঃ হারুন অর রশিদ (৩২),এবং গোয়ালপাড়া গ্রামের মোজাম্মেল হকের ছেলে মোঃ আবুল বাশারকে (৩০) জীবননগরে উপজেলার নতুনপাড়া গ্রামের ১নং আসামী মোঃ হারুন অর রশিদ এর বাড়ীর সামনে পাকা রাস্তার উপর থেকে মাদকদ্রব্য ১৬ বোতল ফেন্সিডিল সহ গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়।